রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ১৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**
**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ জুলাই ২০১৬/২৭ আষাঢ় ১৪২৩

**নম্বর ০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৬-১০৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মন্ত্রিপরিষদ বিভাগের গত ০২ জুন ২০১০ তারিখের ০৪.৬১১.০০৬.০০.০০.০০২.২০১০-৯৩ নম্বর এবং ৩০ নভেম্বর ২০১১ তারিখের ০৪.৬১১.০০৬.০০.০০.০০২.২০১০-১৭৫ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি-এর নাম সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করিয়াছে :

(ক) কমিটির নাম : সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (Central Management Committee-CMC)।

(খ) কমিটির গঠন :

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | আহ্বায়ক |
| (২) | সিনিয়র সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| (৩) | সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| (৪) | সিনিয়র সচিব, পানিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| (৬) | সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (৭) | সচিব, পরিকল্পনা বিভাগ | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৮.০০

| | | |
|---|---|---|
| (৮) | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (১১) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| (১২) | সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | সদস্য |
| (১৩) | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (১৪) | সচিব, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| (১৫) | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | সদস্য |
| (১৬) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (১৭) | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (১৮) | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (১৯) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (২০) | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সদস্য |
| (২১) | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| (২২) | সচিব, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (২৩) | সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | সদস্য |
| (২৪) | সচিব, খাদ্য মন্ত্রণালয় | সদস্য |
| (২৫) | সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় | সদস্য |
| (২৬) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| (২৭) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | সদস্য |
| (২৮) | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | সদস্য |
| (২৯) | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৩০) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | সদস্য |
| (৩১) | সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| (৩২) | সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| (৩৩) | সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| (৩৪) | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | সদস্য |
| (৩৫) | অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য-সচিব |

(গ) কমিটির কার্যপরিধি :

(১) মন্ত্রিপরিষদ বিভাগের ০২-০৬-২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৭২২.৫৮.০০১. ১৬.১১৩ নম্বর পরিপত্রমূলে গঠিত সামাজিক নিরাপত্তা সংক্রান্ত পাঁচটি বিষয়ভিত্তিক ক্লাস্টার এবং সামাজিক নিরাপত্তা বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের পারস্পরিক সমন্বয়ে সহযোগিতা প্রদান এবং ইহাদের কার্যক্রম বাস্তবায়নে উদ্ভূত যে কোন সমস্যা সমাধান এবং আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃক্লাস্টার মতানৈক্য বা বিরোধ নিষ্পত্তি;

(২) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল ২০১৫-এর বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুমোদন, বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ এবং এই বিষয়ে মন্ত্রিপরিষদকে যথাসময়ে অবহিতকরণ;

(৩) মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মপরিকল্পনার আলোকে যৌক্তিক পরিমাণ বাজেট বরাদ্দ প্রাপ্তিতে সহযোগিতা এবং বরাদ্দকৃত অর্থের প্রকৃত ব্যয় ও কার্যক্রমের অগ্রগতি পরিবীক্ষণ;

(৪) সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহকে জীবনচক্রভিত্তিক কার্যক্রমে পুনর্বিন্যাসের লক্ষ্যে চলমান কর্মসূচিসমূহ সম্ভাব্য ক্ষেত্রে সংশোধন, সমন্বয়, পর্যায়ক্রমে বিলোপন অথবা নূতন কর্মসূচি গ্রহণের বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ এবং ক্লাস্টারসমূহের কর্মপরিকল্পনা পর্যালোচনাপূর্বক প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান;

(৫) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহ মাঠ পর্যায়ে বাস্তবায়ন ও সমন্বয় সাধনের নিমিত্ত বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(৬) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত জেলা ও উপজেলা পর্যায়ের কমিটিসমূহের কার্যক্রম পর্যবেক্ষণ এবং নিয়মিতভাবে কমিটিসমূহের প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ;

(৭) সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে সরকারি সংস্থা/প্রতিষ্ঠান ও এনজিওসমূহের অভিজ্ঞতা পর্যালোচনা এবং উক্ত অভিজ্ঞতা চলমান কর্মসূচিসমূহে সমন্বয়ের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(৮) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের আলোকে নিম্নোক্ত কার্যক্রম সম্পন্নকরণে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান—

(অ) একক ও সমন্বিত তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (MIS) প্রণয়ন;

(আ) ডিজিটাল এবং মোবাইলভিত্তিক G2P (সরকার থেকে ব্যক্তি পর্যায়ে) অর্থ-হস্তান্তর ব্যবস্থা সম্প্রসারণ;

(ই) সমন্বিত পরিবীক্ষণ ও মূল্যায়ন (M&E) ব্যবস্থা উন্নয়ন; এবং

(ঈ) কার্যকর অভিযোগ নিরসন ব্যবস্থা প্রণয়ন।

(৯) সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের সুবিধাভোগী নির্বাচনের নীতি, পদ্ধতি এবং তালিকা পর্যালোচনা;

(১০) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল পর্যালোচনাপূর্বক ইহার প্রয়োজনীয় পরিবর্তন, সংশোধন বা পরিমার্জনের উদ্যোগ গ্রহণ;

(১১) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এ সামাজিক নিরাপত্তা বেষ্টনী সংক্রান্ত কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটিকে প্রদত্ত অন্যান্য যে কোন দায়িত্ব পালন;

(১২) সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত যে কোন কার্যক্রম; এবং

(১৩) সামাজিক নিরাপত্তা সংক্রান্ত যেই সকল বিষয়াদি এই প্রজ্ঞাপনে বিস্তারিত বর্ণিত হয় নাই এইরূপ বিষয়ে আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ।

২। কমিটি বছরে কমপক্ষে দুইটি এবং প্রয়োজনবোধে যে কোন সময়ে সভার আয়োজন করিবে।

৩। কমিটি প্রয়োজনে সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করিতে পারিবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd